অ্যাসোসিয়েশন সংবাদ-২৪২

ASSOCIATION SAMBAD

September - 2021 Volume 22 No.2

Price Rupee One

RNI NO - DELBEN/2001/2869

POSTAL REGD. NO. DL(ND)-11/6115/2018-19-20

Total pages 7

Posted on 8th & 9th September, 2021 from New Delhi PSO

Date of Publishing 6th September, 2021

If undelivered please return to
Bengal Association, Banga Sanskriti Bhawan,
18-19, Bhai Veer Singh Marg,
Gole Market, New Delhi - 110001Tel. 23344808
E.mail : bengalassociation1819@gmail.com

www.bengalassociation.com

“শিক্ষা সম্বন্ধে একটা
মহৎ সত্য আমরা
শিখিয়াছিলাম। আমরা
জানিয়াছিলাম, মানুষ
মানুষের কাছ হইতেই
শিখিতে পারে, যেমন
জলের দ্বারাই জলাশয়
পূর্ণ হয়, শিখার দ্বারাই
শিখা জ্বলিয়া উঠে,
প্রাণের দ্বারাই প্রাণ
সঞ্চারিত হইয়া থাকে।”

(রবীন্দ্রনাথ ঠাকুর)

সম্পাদকের ডেস্ক থেকে

বাংলার আকাশে এখন শরতের সাদা মেঘে শারদোৎসবের পূর্বাভাস। প্রবাসে উত্তর ভারতের আকাশ থেকে বিদায়ী বর্ষার মেঘ, দিল্লিতে মাঝে মাঝেই হাল্কা কয়েক পশলা বৃষ্টি ঝরিয়ে যাচ্ছে। যমুনার তীরে সাদা কাশের মেলা। প্রকৃতি এখন নিজেই নিজের সাজে বিভোর।

শুধু তাকে দেখার জন্য মানুষের আজ বড় অভাব। কারণ বর্তমান সময়ে মানুষ সেই অর্থে ভালো নেই। সে লড়াই করছে, চেষ্টা করছে বেঁচে থাকার, বাঁচিয়ে রাখার। তার সাধের পরিবার পরিজন, সন্তানসন্ততি, সংস্কৃতি আনন্দ, ভালোলাগা, মন্দলাগা সবকিছুকে। এক অসম্ভবকে সম্ভব করার অদম্য ইচ্ছে তাকে বাঁচিয়ে রেখেছে। নষ্ট হয়ে যাওয়া শস্যক্ষেত থেকে যেমন পাখিরা খড়কুটো, খাবার সন্ধান করে বেঁচে থাকে।

তবে বাঙালির স্বভাবগত আন্তরিকতায়, বাংলার মাটি থেকে বহু দূরে থেকেও, দিল্লীর রুক্ষ প্রকৃতিকে আমরা সজল মেঘের মায়ায় সঞ্চারিত করতে সক্ষম হয়েছি। মাতৃভাষার উপযুক্ত সংরক্ষণ এবং সম্প্রচারের দাবীতে যে সংগ্রাম আমরা এতদিন করে চলেছিলাম, আজ সেখানে আমাদের জয় হয়েছে, আমরা পেয়েছি বাংলা ভাষার প্রচার ও প্রসারের জন্য সরকারের কাছ থেকে সাফল্য আদায় করে নিতে। তা হল দিল্লীতে বাংলা আকাদেমির স্বীকৃতি।

দিল্লীতে বাংলা আকাদেমির স্বীকৃতি নিঃসন্দেহে বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লীর একটি উল্লেখ্যযোগ্য সাফল্য। গত ২৪শে ফেব্রুয়ারী তারিখে দিল্লি সরকারের পত্র মারফৎ জানা গেল যে দিল্লীতে বাংলা আকাদেমি অনুমোদন করা হয়েছে। সেই সাফল্যের সরণী ধরে আজ সকল সুস্থ সংস্কৃতি সম্পন্ন বাঙালির সঙ্গে আমাদের বেঙ্গল অ্যাসোসিয়েশনের লড়াইয়ের ক্রমপর্যায় টুকু ভাগ করে নিতে চাই।

আমাদের সকলের মিলিত প্রচেষ্টায় অনুমোদিত এই আকাদেমি তার নিজস্ব ছন্দে কাজ করবে, বাংলা ভাষাকে বাংলার তথা ভারতের বাইরে এক অনন্য সৌকর্য

প্রদান করতে সক্ষম হবে এই আশা রাখি।

অ্যাসোসিয়েশন সংবাদ

বাংলা আকাদেমি গঠনের পর্যায়ক্রমঃ

দিল্লীতে বাংলা আকাদেমি স্থাপনের লক্ষ্যে ২০১০ সালের ডিসেম্বর মাসে দিল্লীর বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে একটি প্রতিনিধিদল দিল্লীর তৎকালীন মুখ্যমন্ত্রী শ্রীমতী শীলা দীক্ষিতের নিজ বাসভবনে সাক্ষাৎ করেন। প্রতিনিধিরা ছিলেন পদ্মশ্রী উৎপল ব্যানার্জী, তপন রায়, ব্রততী সেনগুপ্ত, মধুমিতা বিদ্যার্থী, সুর্পণা মুখার্জী, শম্পা দাস, উল্লাস চট্টোপাধ্যায়, অমিতাভ ভট্টাচার্য এবং তপন সেনগুপ্ত প্রমুখ। তাঁরা এই ব্যাপারে শ্রীমতি শীলা দীক্ষিতের কাছে আবেদন করেন এবং দিল্লীতে বাংলা আকাদেমি গঠনের স্বীকৃতিদানের জন্য অনুরোধ করেন।

গত ১৯শে আগস্ট, ২০১৫ তারিখে দিল্লীর মুক্তধারায় বাংলা আকাদেমি স্থাপনের জন্য পুনরায় একটি বিশেষ সভার আয়োজন করা হয়। এই সভায় দিল্লীর বহু বিশিষ্ট বাঙালি প্রতিনিধি হিসাবে অংশগ্রহণ করেন। সভায় সর্বসম্মতিক্রমে অধ্যক্ষের পদ অলঙ্কৃত করেন অধ্যাপক ইন্দ্রনাথ চৌধুরী, সভায় আহ্বায়ক নির্বাচিত হন তপন সেনগুপ্ত। সেই সভায় সর্বসম্মতিক্রমে স্থির করা হয় যে দিল্লীতে বাংলা আকাদেমী গঠন করা হবে এবং এই কাজে অগ্রণী ভূমিকা পালন করবে বেঙ্গল অ্যাসোসিয়েশন।

গত ২৪শে আগস্ট, ২০১৫ বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে বাংলা আকাদেমি গঠনের জন্য সমস্ত তথ্যসহকারে আবেদনপত্র দিল্লী সরকারের দপ্তরে জমা দেওয়া হয়।

পরবর্তীকালে অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি সজল মিত্রের নেতৃত্বে বেঙ্গল অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে তপন রায়, ডঃ তপন মুখার্জী, শুভাশিস সান্যাল ও তপন সেনগুপ্ত দিল্লী সরকারের ভারপ্রাপ্ত অফিসারের সঙ্গে সাক্ষাৎ করে আকাদেমি স্থাপনের জন্য বিস্তারিত আলোচনা করেন।

দীর্ঘদিন সরকারের কাছ থেকে এব্যাপারে কোনো আশানুরূপ সংবাদ না পেয়ে ২০১৭ সালের নভেম্বর মাসে দিল্লীর সুপ্রীম কোর্টের বরিষ্ঠ আইনজীবী দীপক ভট্টাচার্য দ্বারা অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে একটি সিভিল রিট পিটিশন ফাইল করা হয়।

এরপর সাধারণ সম্পাদক তপন সেনগুপ্ত এবং যুগ্ম সম্পাদক ডঃ তপন মুখার্জী দিল্লীর মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের নিজ বাসভবনে সাক্ষাৎ করে বাংলা আকাদেমি স্থাপনের ব্যাপারে বিস্তারিত আলোচনা করেন এবং সিনে উৎসবের মঞ্চে তাঁকে প্রধান অতিথি হিসাবে আমন্ত্রণ জানান।

গত ১০ই আগস্ট ২০১৮ সিনে উৎসবের মঞ্চে দিল্লীর মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল মহাশয় বেঙ্গল অ্যাসোসিয়েশনের দীর্ঘদিনের দাবি পূরণ করে দিল্লীতে বাংলা আকাদেমি স্থাপন করার কথা ঘোষণা করেন।

দীর্ঘদিন ধরে সরকারের কাছে আবেদন করে, বিভিন্ন দপ্তরের সঙ্গে নিয়মিত যোগাযোগ রক্ষা করে অসংখ্য চিঠি আদানপ্রদান দ্বারা সরকারের কাছে আবেদনের পর এই কাজকে তরান্বিত করেছে বেঙ্গল অ্যাসোসিয়েশন।

এই বিষয়ে বিভিন্ন সময়ে সাহায্য করেছেন অতিরিক্ত সাধারণ সম্পাদক সৌরাংশু সিংহ, যুগ্ম সম্পাদক প্রদীপ গাঙ্গুলী, সহ সভাপতি উৎপল ঘোষ এবং কার্যকরী সমিতির সদস্য দেবাশিস ব্যানার্জী এবং সুমনা কাঞ্জিলাল। ফলস্বরূপ এর অব্যবহিত পরেই দিল্লীতে বাংলা আকাডেমি স্থাপনের সুসংবাদ পাওয়া যায়।

দিল্লীতে বাংলা আকাদেমি গঠনের জন্য সকল কার্যকরী সমিতির সদস্য এবং শুভানুধ্যায়ী সদস্যকে অভিনন্দন। আমরা আশা করছি আগামী দিনে দিল্লীতে বাংলা আকাদেমি বাংলা ভাষা প্রচারের ও প্রসারের লক্ষে নিজস্বতা এবং স্বকীয়তা নিয়ে প্রতিভাত হবে।

৪৭তম বার্ষিক সাধারণ সভা

গত ২৯শে আগস্ট, ২০২১ রবিবার সন্ধ্যা ৬টায় বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লির ৪৭তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়ে গেল। সরকারের যথাবিহিত নিয়ম মেনে সভার আয়োজন করা হয়েছিল। মুক্তধারা প্রেক্ষাগৃহ স্যানিটাইজ করে সামাজিক দূরত্ব মেনে এই সভার কাজ শুরু করা হয়। সভায় উপস্থিত সকল কার্যকরী সমিতির সদ্য এবং সাধারণ সদস্যকে জানাই আমাদের শুভেচ্ছা।

দিগঙ্গন সাহিত্য পত্রিকা

বেঙ্গল অ্যাসোসিয়েশন, দিল্লির নিজস্ব সাহিত্য পত্রিকা দিগঙ্গন উৎসব সংখ্যা প্রকাশের কাজ চলছে। আপনাদের আন্তরিকতায় এবং সাহায্যে এই কাজ আমরা সুচারুরূপে করতে পারি সে জন্য আপনাদের ধন্যবাদ। আমরা আশা রাখি এবছর সঠিক সময়ে এই পত্রিকা আপনাদের কাছে পৌঁছে দিতে পারবো।

দিল্লির বঙ্গ সংবাদ

চিত্তরঞ্জন পার্ক নিবাসী রাজীব চক্রবর্তী এবং অঙ্কিতা চক্রবর্তীর কন্যা অস্মিতা চক্রবর্তী Glamanand Group আয়োজিত সুপার মডেল সৌন্দর্য প্রতিযোগিতায় দ্বিতীয় স্থান অধিকার করেছেন। এরপর তিনি আরও ৬০টি দেশের প্রতিযোগীদের সঙ্গে মিস ট্যুরিজম আন্তর্জাতিক সুপার মডেল প্রতিযোগিতায় অংশগ্রহণ করবেন। অঙ্কিতার উজ্জ্বল ভবিষ্যতের জন্য আমাদের শুভেচ্ছা ও অভিনন্দন।

মুক্তধারা পুস্তক বিপণী

বঙ্গ সংস্কৃতি ভবন

গোলমার্কেট, ১৮-১৯ ভাই বীর সিং মার্গ

নিউ দিল্লি-১১০০০১

বেঙ্গল অ্যাসোসিয়েশন পরিচালিত মুক্তধারা পুস্তক বিপণী অনেক নতুন বাংলা বই-এর সম্ভারে সেজে উঠেছে। দিল্লিতে বসে যারা নতুন বাংলা বই-এর সন্ধান করছেন তাঁরা এসে নতুন বই দেখে কিনে নিয়ে যেতে পারেন। দিল্লিতে একমাত্র বাংলা বই-এর দোকান মুক্তধারা।

বেঙ্গল অ্যাসোসিয়েশনের ওয়েবসাইট www.bengalassociation.com থেকেও বইএর নাম ও দাম দেখে আমাদের অর্ডার করতে পারেন। যৎসামান্য ডেলিভারি চার্জের বিনিময়ে আপনার বই আমরা আপনার ঠিকানায় পৌঁছে দেবার জন্য প্রস্তুত।

ফোন করুন অথবা চলে আসুন সকাল ১১টা থেকে ৬টার মধ্যে। ঠিকানা ঃ ১৮-১৯ ভাই বীরসিং মার্গ, গোল মার্কেট, নিউ দিল্লি - ১১০০০১। আমাদের বই-এর দোকান শুধুমাত্র রবিবার বন্ধ থাকে।

বই কিনুন, বই পড়ুন
বই উপহার দিন।

মুক্তধারা পুস্তক বিপণী